# বিবিসি'র 'বিতর্কিত' তথ্যচিত্র নিয়ে মুখ খুলল হোয়াইট হাউস

**সুখবর ব্যুরো, নয়াদিল্লি:** মোদীকে নিয়ে বিবিসির 'বিতর্কিত' তথ্যচিত্র বিষয়ে নীরবতা ভাঙল মার্কিন যুক্তরাষ্ট্র। ভারত সরকারের জারি করা নিষেধাজ্ঞার কড়া সমালোচনা করল জো বাইডেন ব্রিগেড।

সংবাদমাধ্যমের স্বাধীনতার পক্ষে সওয়াল করে ওয়াশিংটন প্রশাসন। ফেসবুক, ইউটিউব, ট্যুইটার-সহ সব ধরনের সামাজিক মাধ্যমে তথ্যচিত্রটি দেখানোর ওপর ভারত সরকারের জারি করা নিষেধাজ্ঞার কড়া সমালোচনা করল তারা। এই ঘটনাকে সংবাদমাধ্যমের স্বাধীনতার ওপর হস্তক্ষেপ বলে মনে করছে বাইডেন প্রশাসন। ২০০২ সালে গুজরাত দাঙ্গার ওপর ভিত্তি করে বিবিসির তৈরি তথ্যচিত্র 'ইন্ডিয়া: দ্য মোদী কোয়েশ্চন' নিয়ে নিজেদের অবস্থান স্পষ্ট করেন মার্কিন বিদেশমন্ত্রকের মুখপাত্র নেড প্রাইস। তিনি বলেন, 'মার্কিন সবসময় স্বাধীন ও মুক্ত গণমাধ্যমের কথা বলে। সেই সঙ্গে গুরুত্ব দেয় মতপ্রকাশের স্বাধীনতা, সব ধর্মের সহাবস্থান ও মানবাধিকারের মতো বিষয়গুলিকেও।' তথ্যচিত্রটি দেখানোর ওপর কেন্দ্রীয় সরকারের জারি করা নিষেধাজ্ঞা মার্কিন প্রশাসন যে ভালো ভাবে নিচ্ছে না, প্রাইসের মন্তব্যে তা স্পষ্ট বলে মনে করছেন কূটনৈতিক মহলের একাংশ। এর আগে গত বছর ১২ এপ্রিল ভারতে মানবাধিকার লঙ্ঘিত হচ্ছে বলে অভিযোগ করে সরব হন মার্কিন বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেন। বিষয়টির ওপর বাইডেন প্রশাসন নজর রাখছে বলেও জানান তিনি। বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর ও প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের উপস্থিতিতে ওই মন্তব্য করেন মার্কিন বিদেশসচিব। মানবাধিকার লঙ্ঘনের ক্ষেত্রে ভারতের কয়েকটি রাজ্যের সরকার, পুলিশ ও জেল আধিকারিকদের নিশানা করেছিলেন ব্লিঙ্কেন।

উল্লেখ্য, গত রবিবারই নয়াদিল্লির তরফে ইউটিউব ও ট্যুইটারকে বিবিসির ওই তথ্যচিত্রের লিঙ্ক সমাজমাধ্যম থেকে তুলে নিতে নির্দেশ জারি করা হয়েছিল। পাশাপাশি, তথ্য প্রযুক্তি আইন ২০২১-এর জরুরি ক্ষমতা প্রয়োগ করে ৫০টির মতো ট্যুইট তুলে নেওয়ার জন্যও কেন্দ্রীয় তথ্য ও প্রযুক্তি মন্ত্রকের তরফে নির্দেশ দেওয়া হয়। এদিকে, এই নিষেধাজ্ঞা নিয়ে মুখ খুলেছে কংগ্রেস। বিজেপি সত্যের সামনে দাঁড়াতে ভয় পাচ্ছে বলে তোপ রাহুল গান্ধীর। সত্যকে লুকনো যায় না, একদিন তা প্রকাশ পাবে বলে দাবি করেন কংগ্রেস নেতা।

# নিয়োগকারী টিকা নিতে কর্মীকে বাধ্য করতে পারবে না

## রায় দিল্লি হাই কোর্টের

**সুখবর ব্যুরো, নয়াদিল্লি:** নিয়োগকারী সংস্থা কোনোভাবেই কোনো কর্মচারীকে করোনার টিকা নিতে বাধ্য করতে পারবে না। সম্প্রতি এমনই রায় দিয়েছে দিল্লি হাই কোর্ট। করোনা অতিমারির সময় দেশের অধিকাংশ সংস্থাতেই টিকা বিনা কর্মচারীদের সংস্থায় ঢোকা নিষিদ্ধ করেছিল। দিল্লির একটি সরকারি স্কুলের কর্তৃপক্ষ তাদের স্কুলের ইতিহাসের শিক্ষিকাকে করোনার টিকা বিনা স্কুলে ঢোকা নিষিদ্ধ করেছিল। ঈশা নামে ওই স্কুল শিক্ষিকা টিকা নিতে অস্বীকার করেন। কিন্তু স্কুল কর্তৃপক্ষ শিক্ষিকাকে স্পষ্টই জানিয়ে দিয়েছিল টিকা না নিলে তিনি স্কুলের ক্লাস নিতে পারবেন না, পরীক্ষার মার্কশিট বিতরণে অংশ নিতে পারবেন না। করোনার টিকা না নিলে স্কুলের কোনো দায়িত্বও পালন করতে পারবেন না ওই শিক্ষিকা। এদিকে, সাধারণতন্ত্র দিবসের দিন ভারত বায়োটেকের ন্যাজাল করোনা টিকা 'ইনকোভ্যাক' চালু করেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী মনসুখ মাণ্ডব্য আর বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী জিতেন্দ্র সিং। এটাই প্রথম দেশজ প্রযুক্তিতে তৈরি ন্যাজাল বা নাক দিয়ে নেওয়া টিকা। মাণ্ডব্যর বাসভবনেই ন্যাজাল টিকার সূচনা করা হয়। গত নভেম্বরেই হেটেরোলোগাস বুস্টার ডোজ হিসাবে ন্যাজাল টিকাকে অনুমোদন দিয়েছিল ড্রাগস কন্ট্রোলার জেনারেল অফ ইন্ডিয়া (ডিসিজিআই)। ডিসেম্বরেই ভারত বায়োটেক জানিয়েছিল সরকারি স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতালে এই ন্যাজাল টিকা বিক্রি করা হবে ডোজপিছু ৩২৫ টাকা করে। বেসরকারি হাসপাতালে বিক্রি করা হবে ৮০০ টাকায়।

স্কুল কর্তৃপক্ষের নির্দেশ মানতে পারেননি বলে বাড়িতে বাধ্য হয়ে বসেছিলেন ঈশা। স্কুল কর্তৃপক্ষের নির্দেশকে চ্যালেঞ্জ করে দিল্লি হাই কোর্টে মামলা করেন ঈশা। নিজের আবেদনে তিনি জানান, কর্তৃপক্ষ জোর করে ভ্যাকসিন চাপিয়ে দিচ্ছিল বলেই তিনি স্কুলে যাননি। তাই যতদিন তিনি স্কুলে যেতে পারেননি ততদিনের সব মাইনে ও চাকরির অন্য সুযোগ সুবিধা তাঁর প্রাপ্য। সম্প্রতি দিল্লি হাই কোর্টের বিচারপতি প্রতিভা এম সিংয়ের ডিভিশন বেঞ্চ জানায়, মাইনে ও চাকরির অন্য সুযোগ-সুবিধা পেতে মামলাকারীকে সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে বলা হচ্ছে। একইসঙ্গে স্কুল কর্তৃপক্ষকেও এব্যাপারে ৩০ দিনের মধ্যে সিদ্ধান্ত নিতে আদেশ দিচ্ছে আদালত। দিল্লি হাই কোর্ট রায় দিতে গিয়ে আরো জানায়, করোনার টিকা নিয়ে সুপ্রিম কোর্ট আর হাই কোর্টেও মামলা হয়েছে। সে কথা মাথায় রেখেও চলতি আবেদন ও অন্য একই সংক্রান্ত মামলার আবেদন নিষ্পত্তি করে দিচ্ছে হাই কোর্ট। করোনার টিকা নিতে কোনো ভাবেই কর্মচারীকে বাধ্য করতে পারবে না কোনো সংস্থা। যে'হেতু শিক্ষিকা এখন টিকা নিয়ে নিয়েছেন তাই আপাতত চাকরির সুযোগ সুবিধা পাওয়ার বিষয়টিই বিচারাধীন। করোনার টিকা নেবেন না বলে গোটা বিশ্বে হইচই ফেলে দিয়েছিলেন টেনিস তারকা নোভাক জকোভিচ। তাঁর বক্তব্য ছিল, 'আমার শরীর, ভ্যাকসিন নেব নাকি নেব না, ঠিক করার অধিকার শুধু আমার।' জকোভিচের এই বক্তব্যের সঙ্গে এবার মিলে গেল দিল্লি হাই কোর্টের রায়।



লেখক, গবেষক কুমারেশ দাশের হাতে জীবনকৃতি সম্মান তুলে দিচ্ছেন হাবরা পুরসভার চেয়ারম্যান নারায়ণচন্দ্র সাহা।

# ৪জনকে জীবনকৃতি সম্মাননা অশোকনগর প্রেস ক্লাবের

**নিজস্ব সংবাদদাতা, অশোকনগর:** সংগঠনের দ্বিতীয় বর্ষপূর্তি উৎসবে বৃহস্পতিবার অশোকনগর শহিদ সদনে স্থানীয় ৪জন গুণী মানুষকে জীবনকৃতি সম্মাননা দিল অশোকনগর প্রেস ক্লাব। এই সম্মান প্রাপকরা হলেন লেখক-গবেষক কুমারেশ দাশ, সাংবাদিক প্রলয়কুমার দত্ত, পরিবেশপ্রেমী বঙ্কিম চক্রবর্তী ও প্রাক্তন ফুটবলার সন্তোষ কর। কুমারেশ দাশ একসময় ইতিহাস বিষয়ক পুরাতনী ত্রৈমাসিক পত্রিকা বের করতেন। গবেষণা করছেন বাংলা ভাষা শব্দ নিয়ে। প্রলয় কুমার দত্ত প্রায় অর্ধশতক ধরে সাংবাদিকতা করছেন। পরিবেশপ্রেমী বঙ্কিম চক্রবর্তী এলাকায় গাছদাদু নামে পরিচিত। তিনি কয়েক হাজার গাছ লাগিয়েছেন। সন্তোষ কর একসময় ছিলেন অশোকনগরের এক নম্বর গোলরক্ষক। গড়ের মাঠে প্রথম বিভাগেও খেলেছেন তিনি। কুমারেশ দাশের হাতে জীবনকৃতি সম্মাননা তুলে দেন হাবরা পুরসভার পুরপ্রধান নারায়ণচন্দ্র সাহা। এদিন শহিদ সদন প্রাঙ্গণে চিত্র, ফটোগ্রাফি, অণুচিত্র ও আঞ্চলিক পত্র-পত্রিকা প্রদর্শনী হয়। প্রদর্শনীর উদ্বোধন করেন অশোকনগর কল্যাণগড় পুরসভার পুরপ্রধান প্রবোধ সরকার। 'সংবাদমাধ্যমের স্বাধীনতা কি সোনার পাথরবাটি' শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন কলকাতা প্রেস ক্লাবের সহসভাপতি শৈবাল বিশ্বাস ও অন্যতম সদস্য প্রশান্ত ভট্টাচার্য।

উল্লেখ্য, গত রবিবার সকালে অশোকনগর প্রেস ক্লাব প্রাঙ্গণে বসে আঁকো প্রতিযোগিতার মধ্য দিয়ে দ্বিতীয় বর্ষপূর্তি উৎসবের সূচনা হয়। ছিল রক্তদান শিবির, মরণোত্তর দেহদান ও চক্ষুদান অঙ্গীকার শিবির। এদিন ৩জন মহিলাসহ মোট ১৮ জন রক্তদান করেন। অন্যদিকে, ১০জন মরণোত্তর দেহদান ও চক্ষুদানের অঙ্গীকার করেন। হাজির ছিলেন পুরপ্রধান প্রবোধ সরকার, কাউন্সিলর কৃষ্ণা চক্রবর্তী, শ্রীকান্ত চৌধুরী, প্রসেনজিৎ সাহা, তাপস ভট্টাচার্য, প্রাক্তন কাউন্সিলার অনুপ রায়, ভুরকুন্ডা গ্রাম পঞ্চায়েতের প্রধান বৃন্দাবন ঘোষ প্রমুখ।



ধর্মতলার ডেকার্স লেনে চিত্র সাংবাদিকদের সরস্বতী বন্দনা। বৃহস্পতিবার পুজোর এই ছবিটি তুলেছেন রাজীব বসু

# বইমেলায় বাড়তি মেট্রো

**সুখবর ব্যুরো, কলকাতা:** কলকাতা বইমেলা উপলক্ষে ইস্ট ওয়েস্ট করিডরে (গ্রিন লাইন) বিশেষ পরিষেবা দেবে মেট্রো। আগামী ৩১ জানুয়ারি থেকে ১২ ফেব্রুয়ারি বাড়তি মেট্রো চলবে শিয়ালদহ ও সেক্টর ফাইভের মধ্যে। ১০৬টির বদলে ১২০টি মেট্রো চলবে ওইক'দিন। সল্টলেক সেক্টর ফাইভ ও শিয়ালদহ অভিমুখে ৬০টি করে মেট্রো চলবে। শিয়ালদহ থেকে ৬-৫৫-র বদলে ৬টা ৫০-য়ে প্রথম মেট্রো চলবে। শিয়ালদহ থেকে রাত ৯-৩৫ ও সেক্টর ফাইভ থেকে রাত ৯-৪০-য়ে শেষ মেট্রো ছাড়বে। দুপুর ২টো ৪০ থেকে রাত দশটা পর্যন্ত ১২ মিনিট ব্যবধানে মেট্রো চলবে। আগামী ৫ ও ১২ ফেব্রুয়ারি রবিবার থাকায় শিয়ালদহ ও সেক্টর ফাইভ অভিমুখে ৪০টি করে মোট ৮০টি ট্রেন চালানো হবে।

# পার্ক সার্কাস স্টেশনে ফুট ওভারব্রিজে কাজের জন্য বন্ধ থাকবে ট্রেন চলাচল

**সুখবর ব্যুরো, কলকাতা:** পার্ক সার্কাস স্টেশনে ফুট ওভারব্রিজের কাজ চলবে বলে পূর্ব রেলের তরফে বিজ্ঞাপ্তিতে বলা হয়েছে (শনিবার রাত ১০টা ৪০ থেকে রবিবার সকাল ৬টা ৪০ মিনিট পর্যন্ত) ৮ ঘণ্টাব্যাপী ট্রাফিক আর পাওয়ার ব্লক থাকবে শিয়ালদহ (দক্ষিণ শাখা) ও বালিগঞ্জ স্টেশনের মধ্যে আপ লাইনে। ফলে শনিবার বাতিল থাকবে বজবজ লোকাল, ডায়মন্ড হারবার লোকাল, লক্ষ্মীকান্তপুর লোকাল আর ক্যানিং লোকাল। রবিবার বাতিল থাকবে বজবজ লোকাল, সোনারপুর লোকাল, ক্যানিং লোকাল, বারুইপুর লোকাল আর ডায়মন্ড হারবার লোকাল। শনি ও রবিবার শিয়ালদহের পরিবর্তে বালিগঞ্জ থেকে চলাচল করবে ৩টি বজবজ লোকাল। শনিবার ডায়মন্ড হারবার-শিয়ালদহ লোকাল বালিগঞ্জ পর্যন্ত যাতায়াত করবে।

# দিল্লি বিশ্ববিদ্যালয়ের ২৪ পড়ুয়াকে আটক করল শাহর পুলিশ

**সুখবর ব্যুরো, নয়াদিল্লি:** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিয়ে করা বিবিসির তথ্যচিত্র নিয়ে বিতর্কের আগুন থামার কোনো নামই নেই। শুক্রবার বিতর্কিত তথ্যচিত্র দেখানোর আগেই দিল্লি বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের বাইরে থেকে বিশ্ববিদ্যালয়ের ২৪ পড়ুয়াকে আটক করল অমিত শাহর পুলিশ। দিল্লি পুলিশ আদতে কেন্দ্রের অধীনস্থ। তথ্যচিত্র দেখানো হলে এলাকার আইন-শৃঙ্খলা বিঘ্নিত হওয়ার আশঙ্কায় ১৪৪ ধারা জারি করেছে দিল্লি পুলিশ। মোদীর ওপর তথ্যচিত্র দেখবেন বলে দলে দলে পড়ুয়ারা জড়ো হয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের সামনে। পুলিশ প্রথমে পড়ুয়াদের জায়গাটা থেকে সরে যেতে বলে। তাতে কাজ হয়নি। পড়ুয়ারা সরে যাননি। তাই বিশ্ববিদ্যালয়ের ২৪ পড়ুয়াকে আটক করে দিল্লি পুলিশ। অন্যদিকে, দিল্লিরই আরেক বিশ্ববিদ্যালয় আম্বেদকর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের একাংশ দাবি করেন বিবিসির মোদীর ওপর করা তথ্যচিত্র দেখানোর আগেই দিল্লি পুলিশ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঢোকে। এসআইআইয়ের দিল্লি শাখার যুগ্ম সম্পাদক যোশিতা সিংয়ের অভিযোগ, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিদ্যুতের লাইন বন্ধ করে দেয় যাতে তথ্যচিত্র দেখা না যায়।

# জিটিএ চুক্তিতে করা সই তুলে নেওয়ার ঘোষণা মোর্চার

১ পাতার পর

বলে জানান গিরি। যদিও এই জিটিএ চুক্তি অবশ্য পরে আইনে পরিণত হয়। জিটিএ চুক্তি থেকে সই প্রত্যাহার করার কারণ হিসেবে তিনি জানান, গোর্খাদের উন্নয়নের জন্য জিটিএ অর্থাৎ গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন গড়া হয়েছিল। তবে তার অভিযোগ, এত বছরেও গোর্খাদের কোনো উন্নয়ন করতে পারেনি জিটিএ। তাছাড়া তার আরো অভিযোগ, প্রতি বছর জিটিএতে ত্রিপক্ষীয় বৈঠক হওয়ার কথা থাকলেও বহু বছর কোনো মিটিং হয়নি। শেষ মিটিং হয়েছিল ২০১৫ সালের ২৯ জানুয়ারি। যদিও গোর্খা জনমুক্তি মোর্চার জিটিএ চুক্তি থেকে সই প্রত্যাহার কথার ঘটনায় জিটিএর ওপর কতটা প্রভাব ফেলবে তা সময়ই বলবে। তবে রোশন গিরির বক্তব্য, 'আমরা আমাদের সই প্রত্যাহারের মাধ্যমে সমর্থন উঠিয়ে নিলাম। এরপরে আগামীতে এই জিটিএর ভাগ্য সম্পূর্ণভাবে কেন্দ্র ও রাজ্য সরকারের সিদ্ধান্তর ওপর নির্ভর করবে।'

এদিকে জিটিএ চুক্তি থেকে গোর্খা জনমুক্তি মোর্চার সই প্রত্যাহারের বিষয়টি হেসে উড়িয়ে দিলেন শিলিগুড়ির সিপিআইএমের বরিষ্ঠ নেতা অশোক ভট্টাচার্য। তিনি বলেন, 'আমি যতটা বুঝি এটা কখনো হয় না। ট্রাইপাটাইড চুক্তি হয়েছিল কেন্দ্রীয় সরকারের তরফে সেই সময় সম্ভবত সই করেছিলেন চিদম্বরম আর রাজ্য সরকারের থেকে মুখ্যামন্ত্রী ছিলেন, বিমল গুরুং, রোশন গিরি তাঁরাও সই করেছিলেন।' উদাহরণ দিয়ে তিনি বলেন, 'ভারত যদি আইএমএ বা ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে চুক্তি করে। চুক্তির পর ভারত সরকার যদি বলেন এই চুক্তি প্রত্যাহার করে নিলাম তাহলে কি টাকাটা ফেরত দিতে হবে না? এটা হয় না। চুক্তিতে সই করলে তা অফিসিয়াল ডকুমেন্ট হয়ে যায়। সেটা প্রত্যেককে মেনে চলতে হয়। কেউ তার মতামত বলতে পারে, এই চুক্তির মূল বক্তব্যর সঙ্গে একমত নাই বা হতে পারে। তবে চুক্তি প্রত্যাহার করে নিলাম সাধারণভাবে এটা কখনো হয় না।'

এই বিষয়ে মুখ্যমন্ত্রীকে গোর্খা জনমুক্তি মোর্চার চিঠি দেওয়া প্রসঙ্গে অশোক ভট্টাচার্যর মন্তব্য, 'কী চিঠি লিখেছেন মুখ্যমন্ত্রীকে। সেটা মুখ্যমন্ত্রী ভালো বলতে পারবেন। যে কেউ যে কোনো জিনিসই বলতে পারে। তবে সরকার কোন দিকে যাবে তা সরকার ভালো করে বলতে পারবে। দার্জিলিং নিয়ে উত্তরবঙ্গ নিয়ে বহু ধরনের কথা শুনে আসছি। সবাই কথা বলে যাচ্ছে এটাও একটা কথা। আমাদের অবস্থান খুব পরিষ্কার। আমরা উত্তরবঙ্গ আলাদা রাজ্যের পক্ষে না, আমরা পৃথক দার্জিলিং বা গোর্খল্যান্ডেরও পক্ষে না। দার্জিলিং সমস্যা সমাধানের বিষয়ে জিটিএকে সাংবিধানিক স্বীকৃতি দেওয়া উচিত। সংবিধানের মধ্যে অন্তর্ভুক্ত হওয়া উচিত। বিশেষ করে জিটিএ যদি ষষ্ঠ তফশিলের অন্তর্ভুক্ত হয় সব থেকে ভালো সমাধান। উত্তরবঙ্গের পৃথক রাজ্যের ব্যাপারে আমরা পুরোপুরি বিরোধিতা করি। কিন্তু উত্তরবঙ্গের প্রচুর সমস্যা রয়েছে তা মেটানো দরকার।'

অন্যদিকে, তৃণমূল নেতা তথা শিলিগুড়ির মেয়র গৌতম দেব এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের ইন্ধন রয়েছে বলে মন্তব্য করেন। গৌতম দেব বলেন, 'মমতা বন্দোপাধ্যায়ের নেতৃত্বে পাহাড়ে উন্নয়ন ও সুস্থিতি ফিরে এসেছে। পাহাড় সঠিক পথে একটা উন্নয়নের দিকে যাচ্ছে। যখনই একটা করে নির্বাচন হয় বিধানসভা হোক বা লোকসভা হোক, তখনই কেন্দ্র থেকে এমন পরিস্থিতি তৈরি করা হয় যাতে পাহাড় ও রাজ্যের বিভিন্ন জায়গায় যে অখণ্ড শান্তি ও দীর্ঘদিনের প্রতীক্ষিত উন্নয়ন স্বরান্বিত হচ্ছ তখনই সেখানে বাধার সৃষ্টি হয় ও রাজ্য আর দেশের স্বার্থের পরিপন্থী এ ধরনের কাজ করা হয়। এবারও চব্বিশের নির্বাচনকে মাথায় রেখে অনেকেই ঘোলা জলে মাছ ধরার চেষ্টা করছে। বাংলার মানুষ ও পাহাড়ের মানুষ সর্বশক্তি দিয়ে তা প্রতিহত করবে। কোথায় কে কাকে চিঠি দিচ্ছে তার কোনো গুরুত্ব নেই। এটা একটা গেম প্ল্যানের অংশ। তাতে কিছু এসে যায় না। কেননা, মানুষ স্থিতিশীলতার পক্ষে মানুষ উন্নয়নের পক্ষে, শান্তির পক্ষে। সে পথেই বাংলা এগোবে। বিজেপি উন্নয়নমুখী কোনো পরিকল্পনা নেই। জিটিএ অনেকদিন অন্যরা চালিয়েছে। যার নেতৃত্ব জিটিএ চলছে এখন মানুষ তা প্রত্যক্ষ করছে।'



পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের উত্তর কলকাতা সিও আয়োজিত ৭৪ তম সাধারণতন্ত্র দিবসে পতাকা উত্তোলনের মহার্ঘ মুহূর্ত। সল্টলেক ক্যাম্পাসে। উত্তর কলকাতার পুরো টিমের উদ্দীপনায় সার্থক হয়ে ওঠে এই কর্মসূচি।

# দক্ষিণ আফ্রিকা

১ পাতার পর

সরকারের সঙ্গে কেন্দ্রের চুক্তি হয়েছে দক্ষিণ আফ্রিকা থেকে চিতা আনার ব্যাপারে। দক্ষিণ আফ্রিকা থেকে ১০০ চিতা আনার পরিকল্পনা রয়েছে কেন্দ্রের। নামিবিয়া থেকে আনা চিতা কোয়ারেন্টাইনে রয়েছে ৬ মাসের বেশি সময় ধরে। কিন্তু দক্ষিণ আফ্রিকায় চুক্তি সই হচ্ছিল না বলেই এতদিন জঙ্গলে ছাড়া যাচ্ছিল না চিতাদের।

# রাজ্যপালের ৩ শিশুগুরুর হাত ধরে

১ পাতার পর

ছাত্রী দিয়াসিনি রায় কালো শ্লেটে রাজ্যপালকে লেখালেন অ আর আ। ইংরেজিতে বুঝিয়েও দেয়, 'দিজ ইজ অ, দিজ ইজ আ।' তারা বলে, 'মাদার মানে মা। আর্থ মানে ভূমি।' এরপর রাজভবন স্কুলের ২ খুদে পড়ুয়া রঞ্জনা আর শুভদীপ রাজ্যপালকে বলালেন ২টি শব্দ মা আর ভূমি। গুরুদক্ষিণা হিসেবে তাদের হাতে উপহার তুলে দিয়েছেন রাজ্যপাল। বোস বলায় বলেন, 'আমি বাংলা শিখব। বাংলা সুন্দর ভাষা। আমি বাংলাকে ভালোবাসি। আমি বাংলার মানুষকে ভালোবাসি। নেতাজী সুভাষচন্দ্র বোস আমার নায়ক। জয় বাংলা, জয় হিন্দ।' অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যপালের হাতে বর্ণপরিচয় তুলে দেন। বোসের মাতৃভাষা মালয়ালিতে তাঁকে স্বাগত জানান মুখ্যমন্ত্রী। মমতা বলেন, 'আপনি আজ বাংলা শেখা শুরু করলেন। আমিও মালয়ালম লিখে দিতে পারি। আমিও শিখেছি। আমরা যেখান থেকে স্বরবর্ণ ও ব্যাঞ্জনবর্ণ শিখি, সেই বর্ণপরিচয় আপনার হাতে তুলে দিতে চাই।' তিনি জানান,১৯৪০-এ মহাত্মা গান্ধী বাংলা শেখা শুরু করেছিলেন। প্রাক্তন রাজ্যপাল গোপালকৃষ্ণ গান্ধীও বাংলায় আগ্রহী ছিলেন। অনুষ্ঠানের শেষে সকলে মিলে 'ধন ধান্য পুষ্প ভরা' গানে গলা মেলান। তবে রাজ্যপালের এই হাতে করে অনুষ্ঠান নিয়ে রাজনৈতিক মহলে বিতর্ক তৈরি হয়েছে। আমন্ত্রিত থাকলেও অনুষ্ঠানে ছিলেন না বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী-সহ কোনো বিজেপি নেতা। তবে প্রাক্তন রাজ্যপাল ও বিজেপি নেতা তথাগত রায় অনুষ্ঠানে ছিলেন। রাজ্যপালের গলায় জয় বাংলা স্লোগানের সমালোচনা করেছেন শুভেন্দু। তিনি অভিযোগ করেন, রাজ্যপালকে নিজেদের স্বার্থে ব্যবহার করছে তৃণমূল। যদিও এই অভিযোগ উড়িয়ে দিয়েছে তৃণমূল। ঘটনাচক্রে করি অনুষ্ঠানের পরই দিল্লি উড়ে যান রাজ্যপাল। তা নিয়ে রাজনৈতিক ও প্রশাসনিক মহলে জল্পনা তৈরি হয়। তবে রাজভবন সূত্রে জানা যায় রাজ্যপালের এই কর্মসূচি ছিল পূর্বনির্ধারিত।

# ১৫ বছরের পুরোনো গাড়ি অচল হবে

১ পাতার পর

আগেই বেসরকারি বাণিজ্যিক গাড়ির আয়ু ১৫ বছর পর্যন্ত বেঁধে দিয়েছে। তবে কলকাতার ক্ষেত্রে শুধুমাত্র কেএমডিএ এলাকা অর্থাৎ বৃহত্তর কলকাতায় এই বিধিনিষেধ চালু হয়েছে। ২০০৪ সালে এই এলাকায় ১৫ বছরের পুরোনো বাস, লরি, ট্যাক্সি, অটো রাস্তায় নামানো নিষিদ্ধ করেছে হাই কোর্ট। যদিও সেই নির্দেশিকাকে বুড়ো আঙুল দেখিয়ে অবাধে চলছে ২৫-৩০ বছরের পুরোনো গাড়ি। ভারত সরকারের নির্দেশিকায় সুনির্দিষ্টভাবে বলা হয়েছে, সরকারি যান বলতে পঞ্চায়েত, পুরসভা, সরকারি নিগম ও আধা সরকারি সংস্থার গাড়িও ধরা হবে এই তালিকায়। বলা হয়েছে, ১৫ বছরের বেশি বয়সি কোনো গাড়ির পুনর্নবীকরণের মেয়াদ এপ্রিলের পর পর্যন্ত থাকলেও তা বাতিল করতে হবে।

# শুনতে গেলেন দিল্লির বাংলা

১ পাতার পর

করছেন না। আগেই তিনি জানিয়ে দিয়েছেন, বাংলা শিখবেন। সেই মতো হাতেখড়িও নিয়েছেন এবার চলে গেলেন বাংলা স্কুলে। তাঁর সব পদক্ষেপই বেশ তাৎপর্যপূর্ণ। একদিকে যখন প্রধানমন্ত্রী পড়ুয়াদের মাঝে, তখন বাংলার রাজ্যপাল সিভি আনন্দ বোসও প্রধানমন্ত্রীর অনুষ্ঠানে যোগ দিয়ে বাঙালি পড়ুয়াদের মাঝে। রাজনৈতিক মহলের চর্চা, তাহলে কি বৃহস্পতিবারের অনুষ্ঠান ঘিরে বিতর্কের পর মোদীর পরীক্ষা পে চর্চা অনুষ্ঠানে যোগ দিয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস কি ভারসাম্য বজায় রাখার চেষ্টা করছেন?

সকালে পরীক্ষা পে চর্চা শোনার পর এদিন আর কী কী কর্মসূচি আনন্দ বোসের আছে সেদিকে নজর রাজনৈতিক মহলের। উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড়ের সঙ্গে বৈঠক হওয়ার কথা রয়েছে তাঁর। সূত্রের খবর, অমিত শাহর সঙ্গেও বৈঠক হতে পারে বাংলার রাজ্যপালের। উল্লেখ্য, প্রাক্তন রাজ্যপাল জগদীপ ধনখড়ের সঙ্গে নবান্নর সম্পর্ক মোটেও ভালো ছিল না। ট্যুইটার বা চিঠির লড়াই প্রায় সবসময় লেগেই থাকত। যদিও এখনকার রাজ্যপালের সঙ্গে রাজ্যের সম্পর্ক এখনো পর্যন্ত বেশ স্বাভাবিক।

# নিরাপত্তার অভাবে কাশ্মীরে থমকে গেল রাহুলের যাত্রা

১ পাতার পর

নজরে আসে কংগ্রেস নেতৃত্বের। জয়রাম রমেশ, কে সি বেণুগোপালের মতো কংগ্রেস নেতারা অভিযোগ করেন, যেই শ্রীনগরে যাওয়ার উদ্দেশে বানিহাল সুড়ঙ্গ থেকে রাহুল গান্ধী বেরোন। অপ্রত্যাশিত ভাবে বিশাল জনসমাগম রাস্তার ২ পাশে রাহুলের জন্য অপেক্ষা করছিলেন। রাহুল নিজেও অভিযোগ করেন, 'ভিড় সামলানো প্রশাসনেরই দায়িত্বের মধ্যে পড়ে।' রাহুলের দাবিকে মান্যতা দিয়ে ওমর আব্দুল্লাহ নিজেও দাবি করেন, নিরাপত্তার একটা স্তর স্লেফ ভ্যানিশ হয়ে গিয়েছিল। ওমর পরে ট্যুইটে বলেন, 'আমি গোটা ঘটনার সাক্ষী। নিরাপত্তার দায়িত্বে থাকা একেবারে বাইরের স্তরে থাকে জম্মু-কাশ্মীর পুলিশ। কিন্তু রাহুল গান্ধী এদিন হাঁটা শুরু করার কয়েক মিনিটের মধ্যেই জম্মু-কাশ্মীর পুলিশকর্মীরা রীতিমতো উধাও হয়ে যায়। আমরা সবে জম্মু পেরিয়ে কাশ্মীরে ঢুকেছিলাম। আমাদের আরো ১১ কিলোমিটার হাঁটার কথা ছিল। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে আমাদের এদিনের মতো যাত্রা বাতিল করতে হয়।' রাহুলের পাশাপাশি হাফ হাতা শার্ট পরেছিলেন ওমরও। দু'জনের মাথাতেই ছিল টুপি। কংগ্রেস দাবি করে, এদিন ভিড়ের মধ্যে ৩০ মিনিট আটকে পড়েছিলেন রাহুল। রাস্তাতেই আটকে থাকেন তিনি। রাহুলের নিরাপত্তার দায়িত্বে থাকা আধিকারিকরা কোনোরকম ঝুঁকি নিতে চাননি। পর্যাপ্ত নিরাপত্তা ছাড়া তাঁরা যাত্রা আরো এগিয়ে নিয়ে যেতে আপত্তি তোলেন। বুলেটপ্রুফ গাড়িতে করে কোনো রকমে রাহুলকে ঘটনাস্থলে বের করে নিয়ে খানবলে যাওয়া হয়। এপ্রসঙ্গে কংগ্রেস নেতা কে সি বেণুগোপাল সাংবাদিকদের বলেন, '১৫ মিনিট ভারত জোড়ো যাত্রায় কোনো নিরাপত্তা আধিকারিক ছিলেন না। এটা গুরুতর গলদ। রাহুল গান্ধী বা অন্য ভারত জোড়ো যাত্রীরা বিনা নিরাপত্তায় হাঁটতে পারেন না।' যদিও কংগ্রেসের তরফে যাবতীয় অভিযোগ করে দিয়ে শীর্ষ পুলিশকর্তা বিজয় কুমার জানান, 'আয়োজকদের তরফে আমাদের জানানোই হয়নি বানিহাল থেকে বিশাল জনসমাগম হাঁটবে। এদিনের মতো যাত্রা স্থগিত করে দেওয়ার আগে পুলিশকে জানানো হয়নি।' পুলিশের তরফে আরো দাবি করা হয়, এদিন রাহুল গান্ধীর ভারত জোড়ো যাত্রা উপলক্ষে শ্রীনগর-জম্মু জাতীয় সড়কে যান চলাচল বন্ধ রাখা হয়েছিল। বন্ধ ছিল বারামুল্লা-বানিহাল থেকে রেল পরিষেবা। কাশ্মীরে এনিয়ে ২ বার স্থগিত হল ভারত জোড়ো যাত্রা। বুধবার খারাপ আবহাওয়া আর ভূমিধসের কারণে বাতিল হয়েছিল যাত্রা। ৭ সেপ্টেম্বর তামিলনাড়ুর কন্যাকুমারী থেকে যাত্রা শুরু করেছেন রাহুল। ৩,৯৭০ কিলোমিটার পথ পদযাত্রার মাধ্যমে পেরনোর পর ৩০ জানুয়ারি শ্রীনগরে যাত্রা শেষ করবেন রাহুল। দলের সদর দফতরে জাতীয় পতাকা উত্তোলনের পর শের-ই-কাশ্মীর ক্রিকেট স্টেডিয়ামে জনসভায় ভাষণ দেবেন তিনি।

—সংবাদ সংস্থা


**e-TENDER NOTICE**

Prodhan Mamudpur-II Gram Panchayet invites e-tender vide e-Tender Notice No- **M II/GP/Prodhan/eNIT 03/ 2022-2023, Dated -27/01/2023. Last date of bid submission 07/01/2023.** Details of e-tender notice will be available in website www.wbtenders.gov.in.

Sd/-
Prodhan
Mamudpur II
Gram Panchayet

**INVITING E-TENDER VIDE TENDER ID**

1. 2023_ZPHD_458951_1
2. 2023_ZPHD_458900_1
3. 2023_ZPHD_458793_1
4. 2023_ZPHD_458738_1
5. 2023_ZPHD_458691_1
6. 2023_ZPHD_458638_1
7. 2023_ZPHD_458598_1
8. 2023_ZPHD_458559_1
9. 2023_ZPHD_458525_1
10. 2023_ZPHD_458490_1

Details information is available at Gram Panchayat Office

SD/-
PRODHAN
DHAMUA DAKSHIN G.P

**নেইল ইন্ডাস্ট্রিস লিমিটেড**

CIN : L51109WB1983PLC036091

রেজিস্টার্ড অফিস : ৮৮বি (গ্রাউন্ড ফ্লোর), লেক ভিউ রোড, কলকাতা – ৭০০ ০২৯
কর্পোরেট অফিস : ১৪/১১৩, সিভিল লাইনস, ৪০২-৪০৩, কান চেম্বারস, কানপুর – ২০৮ ০০১
ই-মেল : neilil@rediffmail.com, neilindustrieslimited@gmail.com
ওয়েবসাইট : www.neil.co.in, টেলি (কর্পো: অফিস) : ৮৯৫৩৩৩৮৮১৫

৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফল

(লাখ টাকায়)

| | বিবরণ | ৩১.১২.২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক | ৩১.০৩.২০২২ তারিখ পর্যন্ত সম্পূর্ণ বছরের হিসাবে অর্থাৎ | ৩১.১২.২০২১ তারিখে সমাপ্ত বিগত বছরের সংশ্লিষ্ট ত্রৈমাসিক |
|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে মোট আয় | ৭৭.০৭ | ২৮৯.০৭ | ৭৩.৮০ |
| ২. | এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (করের, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে#) | ৬৫.৪২ | (২০৭.১০) | ৬১.৭০ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর#) | ৬৫.৪২ | (২০৭.১০) | ৬১.৭০ |
| ৪. | করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর#) | ৪৬.৪২ | (২৭৯.১৫) | ৪৪.৫৭ |
| ৫. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় [(এই পর্ব থেকে বিস্তৃত আয় / (ক্ষতি) (করের পর) ও অন্যান্য বিস্তৃত আয় (করের পর)] | ৪৬.৪২ | (২৭৯.১৫) | ৪৪.৫৭ |
| ৬. | ইক্যুটি শেয়ার মূলধন | ১৯৫৫.৩২ | ১৯৫৫.৩২ | ১৯৫৫.৩২ |
| ৭. | মজুত (বিগত বছরের নিরীক্ষিত ব্যালান্সশীট অনুযায়ী পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতীত) | ৩৪৮৬.৫০ | ৩৩৪৮.০৭ | ৩৭৬৪.২৩ |
| ৮. | শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) (চালু ও বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য) | | | |
| | ক. মূল | ০.২৪ | (১.৪৩) | ০.২৩ |
| | খ. লঘুকৃত | ০.২৪ | (১.৪৩) | ০.২৩ |

দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি যা কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে।

নেইল ইন্ডাস্ট্রিস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
অরবিন্দ কুমার মিত্তল
DIN : (02010445)

স্থান : কানপুর
তারিখ : ২৭.০১.২০২৩

**An Interview**

**Barasat Bidhan Chandra Roy Institute of Nursing** requires Principal, Vice Principal, Professors, Tutors and Librarian. Interest candidates may sent their resume with INC Norms by Email within 7 days. Email: trustbbredu22@gmail.com
**Contact: 7003614799, 7003784552**

The undersigned hereby inviting e-tender vide ref. no-(09)35/ PGP/2023 dt-27/01/23.(Tender ID - **2023_ZPHD_458773_1-3**) from prospective bidders from 03/02/23, 17:00 IST. For details visit www.wbtenders.gov.in.

Sd/-
Prodhan
Prodhan Patuli GP

**NOTICE INVITING e-TENDER**
**NIT No: WBPMID/CHAIPAT/ PRADHAN/NIT-09/2022-23, Dated: 27/01/2023.**

The Prodhan, Chaipat Gram Panchayat invites tenders for 02 nos. Installation of Submersible pump for drinking water Intending Bidders may access detailed information & respond from e-procurement portal of Government of West Bengal at https://wbtenders.gov.in Bid submission start date (online) 28/01/2023 at 10.00 am. Bid submission end date (online) 04/02/2023 at 06.00 pm.

Sd/-
Pradhan
Chaipat Gram Panchayat
Chaipat, Paschim Medinipur

**Office of The Executive Officer**
Burdwan-II Panchayat Samity
Barsul (U), Purba Bardhaman
ABRIDGED e-TENDER NOTICE

NOTICE INVITING e-TENDER
MEMO NO. 088/BWN-II P.S. Dt. 27/01/2023
Tender Id :
**2023_ZPHD_458778_1, 2, 3, 4, 5, 6, 7, 8**
e-Tender is hereby invited by the Executive Officer, Burdwan-II Panchayat Samity from the eligible contractors for **08 nos. of civil work.** Last date & time of Bid submission is **11.02.2023** till **15.00 Hrs.** Details of Tender Notice may be seen at https://wbtenders.gov.in

Sd/-
Executive Officer
Burdwan-II Panchayat Samity
Barsul (U), Purba Bardhaman

## CAPTAIN POLYPLAST LTD.

e-mail : info@captainpolyplast.in
web : www.captainpolyplast.com
CIN No. : L25209GJ1997PLC031985

### NOTICE

Notice is hereby given that pursuant to regulation 29 of the SEBI LODR Regulations 2015, the meeting of board of directors of the company will be held on Tuesday, 7th February, 2023 interalia,

- To consider and approve the standalone & consolidated unaudited financial results for the quarter ended on 31st DECEMBER, 2022

The said notice can be accessed on the website of the company at **www.captainpolyplast.com** and may also be accessed on the stock exchange website at **www.bseindia.com**.

Place : Rajkot
Date : 26/01/2023

**For, Captain Polyplast Ltd**
**sd/**
**Khyati Mehta**
**(Company Secretary)**



## TRIVENI GLASS LTD

No.1, Kanpur Road, Allahabad- 211001

CIN: L26101UP1971PLC003491 Email: akd@triveniglassltd.com Website: www.triveniglassltd.com
Tel: 0532-2407325

**Statement of Standalone Un-Audited financial results for the Quarter ended 31st December, 2022**

Rs.in Lakhs

| | Particulars | For the Quarter ended 31.12.2022 Un-Audited | For the Quarter ended 31.12.2021 Un-Audited | For the Year ended 31.03.2022 Audited |
|---|---|---|---|---|
| 1. | Total Income from operations | 158.39 | 6.79 | 98.06 |
| 2. | Net Profit/ (Loss) from ordinary activities before tax | 113.66 | (9.60) | (126.32) |
| 3. | Net Profit/ (Loss) for the period after tax (before Exceptional items) | 113.66 | (9.60) | (3,947.76) |
| 4. | Net Profit/ (Loss) for the period after tax (after Exceptional items) | 113.66 | (9.60) | (3,947.76) |
| 5. | Other Comprehensive Income | - | - | - |
| 6. | Paid-up equity share capital | 1,261.94 | 1,261.94 | 1,261.94 |
| 7. | Reserves (excluding Revaluation Reserves as shown in the balance sheet of previous year) | 4,404.00 | 4,404.00 | 4,404.00 |
| 8. | Earnings per share (for continued operations ) | | | |
| | (a.) Basic | 9.01 | (0.76) | (312.83) |
| | (b.) Diluted | 9.01 | (0.76) | (312.83) |

**Note :** The above is an extract of the detailed format of Quarterly/Annual Financial Results filed with the Bombay Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015 duly approved by the Board of Directors' in their meeting held on 27.01.2023The full format of the Quarterly/Annual Financial Results are available on the Stock Exchange websites **(www.bseindia.com)** and also on the website of the company **(www.triveniglassltd.com)**.

**Place: Prayagraj**
**Date: 27.01.2023**

**Sd/-**
**J.K. Agrawal**
**Managing Director**



## KERALA WATER AUTHORITY e-Tender Notice

**Tender No :** 77/22-23/SE/PHC/PKD

JAL JEEVAN MISSION -WSS to Kuzhalmannam, Panchayaths- Optimization of Water Treatment Plant, Improving capacity of 9.5 WTP at Kannadi Replacing Rapid sand filter media with Dual media filter using Anthracite and Construction of 5.50LL OHSR at Vellappara, Supply and erection of R/W & C/W Pumpsets, 200 KVA Transformer, Supplying and Laying distribution lines and providing FHTCs (4048 Nos) in Kuzhalmannam Panchayath including Railway crossing (Palakad –Pollachi) using HDD method, PWD Road restoration works. **EMD** : Rs. 500000, **Tender fee** : Rs. 16540, **Last Date for submitting Tender** : 20-02-2023 03:00:pm **Phone :** 04912544927, **Website :** www.kwa.kerala.gov.in, www.etenders.kerala.gov.in

**Superintending Engineer**
**PH Circle**
**Palakkad**

**KWA-JB-GL-6-1512-2022-23**



## Archies

The most special way to say you care

## ARCHIES LIMITED

**Regd. Office:** Plot No. 191-F, Sector-4, I.M.T. Manesar, Gurugram, Haryana-122050
**CIN:** L36999HR1990PLC041175,
**Web:** www.archiesonline.com & www.archiesinvestors.in
**Email:** archies@archiesonline.com, **Tel:** +91 124 4966666, **Fax:** +91 124 4966650

### NOTICE

Notice is hereby given pursuant to the provisions of Regulation 29 and 47 (1)(a) of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, that a meeting of Board of Directors of **ARCHIES LIMITED** ("Company"), will be held on Saturday, 04th February, 2023 at 03:10 P.M., inter alia, to consider and approve the Un-Audited Financial Results of the Company for the quarter and nine months ended December 31, 2022.

Information in this regard is also available on the website of the Company i.e. **www.archiesinvestors.in** and on the website of stock exchanges i.e **www.bseindia.com** and **www.nseindia.com**

For **Archies Limited**
**Sd/-**
**Hitesh Kumar**
**Company Secretary & Compliance Officer**

**Place: New Delhi**
**Date: 27.01.2023**



## Rajasthan State Mines & Minerals Limited

**(A Government of Rajasthan Enterprise) SBU & PC –LIGNITE, Khanij Bhawan, Tilak Marg, C-Scheme, Jaipur-302005, Phone: (0141)2227938/2227710, 2227715 Fax (0141)2227360,2227761, Email:- Jaipur.rsmml@rajasthan.gov.in**

**Notice Inviting Tender** — **Date :- 23/01/2023**

| NIT No. & Date | Description of Work |
|---|---|
| F.6(1)43/CC/2022/90 dated 18.01.2023 UBN No. MML2223SLRC00135 | "Hiring of three (03) numbers 07seater Boleros or equivalent vehicles (A.C taxi permit) with drivers for Giral lignite Mines, Barmer." Contract value Rs. 60.00 Lacs, EMD Rs. 120,000/-, Cost of Tender Document & Fee Rs. 4720/- (including GST & Rs. 500/- (e-tender fee to MD, RISL) |

Other terms & conditions have been given in detailed tender for which please visit us at our website **www.rsmm.com** or **www.sppp.rajasthan.gov.in** or **eproc.rajasthan.gov.in** or contact Manager (Mech.-Contract) on above address.

**Raj.Samwad/C/22/13828** **DGM (Admin.)**



## NEIL INDUSTRIES LIMITED

**CIN: L51109WB1983PLC036091**
**R/O: 88B, (Ground Floor), Lake View Road, Kolkata-700029**
**Corporate Office: 14/113, Civil Lines, 402-403, Kan Chambers, Kanpur-208001**
**E-Mail: neilil@rediffmail.com, neilindustrieslimited@gmail.com**
**Ph: Corp Office: 8953338815 WEB: www.neil.co.in**

**UN-AUDITED QUARTERLY RESULTS FOR THE QUARTER ENDED 31ST DECEMBER, 2022**

All Amts. In Lakhs

| Sl. No. | PARTICULARS | Quarter ended 31st December, 2022 | Year to date Figures 31st March 2022 | Corresponding 3 months ended in the previous 31st December, 2021 |
|---|---|---|---|---|
| 1. | Total Income from Operations | 77.07 | 289.07 | 73.80 |
| 2. | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#) | 65.42 | (207.10) | 61.70 |
| 3. | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extra ordinary items#) | 65.42 | (207.10) | 61.70 |
| 4. | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items#) | 46.42 | (279.15) | 44.17 |
| 5. | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | 46.42 | (279.15) | 44.17 |
| 6. | Equity Share Capital | 1955.32 | 1955.32 | 1955.32 |
| 7. | Reserves (excluding Revaluation Reserve) | 3486.50 | 3348.07 | 3764.23 |
| 8. | Earnings Per Share of Rs 10/-each (for continuing and discontinued operations)- | | | |
| | 1. Basic: | 0.24 | (1.43) | 0.23 |
| | 2. Diluted: | 0.24 | (1.43) | 0.23 |

**Note:**

a) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the websites of the Stock Exchange(s) and the listed entity.

For **NEIL INDUSTRIES LIMITED**
**SD/-**
**Arvind Kumar Mittal**
**DIN: (02010445)**

Place: Kanpur
Date: 27/01/2023



KAMAL CEMENT

## Shree Digvijay Cement Company Limited

Regd. Office: Digvijaygram 361140 (Gujarat)
Phone: 0288-2344272-75 Fax: 0288-2344092, Email: investors.sdccl@digvijaycement.com
CIN: L26940GJ1944PLC000749, Website: www.digvijaycement.com

**STATEMENT OF STANDALONE AND CONSOLIDATED RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED DECEMBER 31, 2022**

(Rs. in lakhs)

| Particulars | Standalone | | | | | | Consolidated | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Quarter ended | | | For the Nine Months Ended | | Year Ended | Quarter ended | | | For the Nine Months Ended | | Year Ended |
| | 31/12/2022 (Unaudited) | 30/09/2022 (Unaudited) | 31/12/2021 (Unaudited) | 31/12/2022 (Unaudited) | 31/12/2021 (Unaudited) | 31/03/2022 (Audited) | 31/12/2022 (Unaudited) | 30/09/2022 (Unaudited) | 31/12/2021 (Unaudited) | 31/12/2022 (Unaudited) | 31/12/2021 (Unaudited) | 31/03/2022 (Audited) |
| Total income from operations (net) | 20,743.76 | 16,383.62 | 15,243.58 | 53,380.98 | 46,295.28 | 63,332.95 | 20,743.76 | 16,569.85 | 15,243.58 | 53,567.21 | 46,295.28 | 63,332.95 |
| Profit / (loss) for the period (before tax) | 782.57 | 794.67 | 1,178.85 | 3,891.13 | 6,698.90 | 8,820.46 | 781.92 | 843.69 | 1,178.36 | 3,939.12 | 6,697.87 | 8,819.00 |
| Profit / (loss) for the period | 1,019.38 | 596.25 | 727.42 | 3,329.61 | 4,240.07 | 5,529.09 | 1,018.90 | 633.02 | 726.93 | 3,365.52 | 4,239.04 | 5,527.63 |
| Total Comprehensive Income for the period [Comprising Profit for the period (after tax) and other Comprehensive Income (after tax)] | 1,010.40 | 544.98 | 723.52 | 3,265.27 | 4,198.59 | 5,529.52 | 1,009.92 | 581.75 | 723.03 | 3,301.18 | 4,197.56 | 5,528.06 |
| Equity Share Capital | 14,520.35 | 14,430.35 | 14,385.60 | 14,520.35 | 14,385.60 | 14,402.85 | 14,520.35 | 14,430.35 | 14,385.60 | 14,520.35 | 14,385.60 | 14,402.85 |
| Other equity excluding revalution reserves | | | | | | 16,820.51 | | | | | | 16,815.87 |
| Earnings Per share (of Rs.10/- each) (not annualised) | | | | | | | | | | | | |
| Basic earning per Share (In Rs.) | 0.71 | 0.41 | 0.51 | 2.31 | 2.95 | 3.86 | 0.71 | 0.44 | 0.51 | 2.34 | 2.95 | 3.86 |
| Diluted earning per Share (In Rs.) | 0.69 | 0.41 | 0.49 | 2.27 | 2.88 | 3.78 | 0.69 | 0.43 | 0.49 | 2.29 | 2.88 | 3.78 |

The above is an extract of the detailed format of standalone and consolidated Statement of financial results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The detailed format of the standalone and consolidated statement of financial results are available on the Stock Exchange websites at www.bseindia.com, www.nseindia.com and at company's website at www.digvijaycement.com.

**For Shree Digvijay Cement Company Limited**
Sd/-
**K. K. Rajeev Nambiar**
CEO & Managing Director
(DIN: 07313541)

Place: Digvijaygram
Date : January 27, 2023



## FORM A

### PUBLIC ANNOUNCEMENT

[Under Regulation 6 of the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016]

**FOR THE ATTENTION OF THE CREDITORS OF TRIBESMEN GRAPHICS PRIVATE LIMITED**

**RELEVANT PARTICULARS**

| | | |
|---|---|---|
| 1. | **Name of Corporate Debtor** | **TRIBESMEN GRAPHICS PRIVATE LIMITED** |
| 2. | Date of incorporation of Corporate Debtor | 17/02/2012 |
| 3. | Authority under which Corporate Debtor is incorporated / registered | Registrar of Companies, Gujarat (ROC) at Ahmedabad. |
| 4. | Corporate Identity No. / Limited Liability Identification No. of Corporate Debtor | U93000GJ2012PTC069084 |
| 5. | Address of the registered office and principal office (if any) of Corporate Debtor | B-602, 6th Floor, ATMA House, Opp. Old RBI, Ashram Road, Ahmedabad 380009 |
| 6. | Insolvency commencement date in respect of Corporate Debtor | **23/01/2023** (Order Received on 25/01/2023) |
| 7. | Estimated date of closure of insolvency resolution process | **21/07/2023** |
| 8. | Name and Registration number of the insolvency professional acting as Interim Resolution Professional | **DARSHAN BHARATBHAI PATEL** **Reg. No.:** IBBI/IPA-001/IP-P01579/2018-19/12442 |
| 9. | Address & email of the interim resolution professional, as registered with the board | 31, Vrindavan, Inquilab Society, Gulbai Tekra, Polytechnic, Ahmedabad-380 015 **E-mail:** ca.darshanbpatel@gmail.com |
| 10. | Address and e-mail to be used for correspondence with the Interim Resolution Professional | 505, 5th Floor, Sears tower, Gulbai Tekra, Panchwati, Ahmedabad-380006, Gujarat. **E-mail:** cirp.tgpl@gmail.com |
| 11. | Last date for submission of claims | **08/02/2023** (14 days from receipt of order) |
| 12. | Classes of creditors, if any, under clause (b) of sub-section (6A) of section 21, ascertained by the Interim Resolution Professional | Not Applicable As Of Now |
| 13. | Names of insolvency professionals identified to act as authorised representative of creditors in a class (three names for each class) | 1. 2. Not Applicable As Of Now 3. |
| 14. | (a) Relevant forms available at (b) Details of authorized representatives are available at: | (a) Web Link: https://ibbi.gov.in/home/downloads (b) Not Applicable |

Notice is hereby given that the National Company Law Tribunal, Ahmedabad Bench has ordered the commencement of a corporate insolvency resolution process of the **Tribesmen Graphics Private Limited** on **23/01/2023** vide order no. CP(IB) 216/NCLT/AHM/2022.

The creditors of **Tribesmen Graphics Private Limited**, are hereby called upon to submit their claims with proof on or before **08/02/2023** to the interim resolution professional at the address mentioned against entry No. 10.

The financial creditors shall submit their claims with proof by electronic means only. All other creditors may submit the claims with proof in person, by post or by electronic means.

The financial creditor belonging to a class, as listed against the entry 12, shall indicate its choice of authorised representative from among the three insolvency professionals listed against entry no. 13 to at as authrorised representative of the class in form CA.

**Submission of false or misleading proofs of claim shall attract penalties.**

**Darshan Bharatbhai Patel**
Interim Resolution Professional for Tribesmen Graphics Private Limited
**Reg. No.:** IBBI/IPA-001/IP-P01579/2018-19/12442
**AFA No:** AA1/12442/02/171123/104835 **valid till:** 17.11.2023

**Date :** 28.01.2023
**Place:** Ahmedabad



glenmark LIFE SCIENCES

## Glenmark Life Sciences Limited

Registered Office: Plot No. 170-172, Chandramouli Industrial Estate, Mohol Bazarpeth, Solapur - 413 213, India.
Corporate Office: 4th Floor, OIA House, 470, Cardinal Gracious Road, Andheri (E), Mumbai 400 099, India.
Phone No: +91 22 68297979 CIN: L74900PN2011PLC139963;
Website: www.glenmarklifesciences.com; Email: complianceofficer@glenmarklifesciences.com

# UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND NINE MONTHS ENDED 31st DECEMBER, 2022

(₹ in Millions, unless otherwise stated)

| Sr. No | Particulars | Quarter Ended 31 Dec' 22 Unaudited | 30 Sep' 22 Unaudited | 31 Dec' 21 Unaudited | Nine Months Ended 31 Dec' 22 Unaudited | 31 Dec' 21 Unaudited | Year Ended 31 Mar' 22 Audited |
|---|---|---|---|---|---|---|---|
| I | **Income** | | | | | | |
| | Revenue from Operations | 5,407.31 | 5,092.99 | 5,224.99 | 15,399.00 | 16,091.57 | 21,232.14 |
| | Other Income | 66.08 | 100.20 | 35.34 | 261.21 | 96.09 | 147.04 |
| | **Total Income** | **5,473.39** | **5,193.19** | **5,260.33** | **15,660.21** | **16,187.66** | **21,379.18** |
| II | **Expenses** | | | | | | |
| | Cost of Materials Consumed | 2,693.25 | 2,682.07 | 2,386.36 | 7,987.82 | 7,402.91 | 10,015.63 |
| | Changes in Inventories of Finished Goods and Work-in-Progress | (44.92) | (282.30) | 185.36 | (650.72) | 474.71 | 413.24 |
| | Employee Benefits Expense | 485.41 | 473.69 | 441.31 | 1363.66 | 1,296.40 | 1,687.23 |
| | Finance Costs | 1.60 | 1.33 | 0.61 | 4.28 | 278.37 | 279.62 |
| | Depreciation and Amortisation Expense | 107.63 | 99.35 | 97.39 | 305.77 | 283.23 | 378.77 |
| | Other Expenses | 819.01 | 783.14 | 751.32 | 2,339.61 | 2,179.06 | 2,955.44 |
| | **Total Expenses** | **4,061.98** | **3,757.28** | **3,862.35** | **11,350.42** | **11,914.68** | **15,729.93** |
| III | **Profit Before Tax (I-II)** | **1,411.41** | **1,435.91** | **1,397.98** | **4,309.79** | **4,272.98** | **5,649.25** |
| IV | **Tax Expenses** | | | | | | |
| | Current Tax | 331.78 | 338.93 | 319.36 | 1,033.00 | 1,007.22 | 1,376.27 |
| | Deferred Tax | 29.70 | 28.20 | 41.49 | 70.75 | 67.49 | 85.74 |
| | **Total Tax Expenses** | **361.48** | **367.13** | **360.85** | **1,103.75** | **1,074.71** | **1,462.01** |
| V | **Profit for the Period / Year (III-IV)** | **1,049.93** | **1,068.78** | **1,037.13** | **3,206.04** | **3,198.27** | **4,187.24** |
| VI | **Other Comprehensive Income (OCI)** | | | | | | |
| | **Items that will not be reclassified to profit or loss** | | | | | | |
| | (a) Re-measurement of the post-employment benefit obligation | (2.96) | (6.31) | 0.94 | (8.88) | (2.63) | 1.30 |
| | (b) Income tax relating to the above | 0.74 | 1.59 | (0.24) | 2.23 | 0.66 | (0.33) |
| | **Total Other Comprehensive Income / (Loss)** | **(2.22)** | **(4.72)** | **0.70** | **(6.65)** | **(1.97)** | **0.97** |
| VII | **Total Comprehensive Income for the Period/Year (V+VI)** | **1,047.71** | **1,064.06** | **1,037.83** | **3199.39** | **3,196.30** | **4,188.21** |
| VIII | **Earnings per equity share (Face Value of ₹ 2/- each) (Not Annualised except for the year ended 31st March)** | | | | | | |
| | (a) Basic (in ₹) | 8.57 | 8.72 | 8.65 | 26.16 | 27.60 | 35.63 |
| | (b) Diluted (in ₹) | 8.57 | 8.72 | 8.65 | 26.16 | 27.60 | 35.63 |
| IX | Paid up Equity Share Capital, Equity Shares of ₹ 2/- each | 245.05 | 245.05 | 245.05 | 245.05 | 245.05 | 245.05 |
| X | Other Equity excluding Revaluation Reserve | | | | | | 20,298.07 |

*See accompanying notes to the Financial Results*

**Notes:**

1. The Financial Results have been prepared in accordance with Indian Accounting Standards ("Ind AS") prescribed under section 133 of the Companies Act, 2013 read with relevant rules thereunder and in terms of Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (as amended).
2. The above Financial Results were reviewed by Audit Committee and thereafter approved and taken on record by the Board of Directors at their meeting held on January 27, 2023. These results have been subjected to limited review by statutory auditor who have issued an unmodified conclusion on the said results.
3. Details of Utilisation of IPO Proceeds is as under:

(₹ in Millions)

| Particulars | Estimated net proceeds as per Prospectus | Revised Net Proceeds | Utilised up to 31 Dec' 22 | Unutilised as on 31 Dec' 22 |
|---|---|---|---|---|
| Payment of outstanding purchase consideration to the Promoter for the spin-off of the API business from the Promoter into our Company pursuant to the Business Purchase Agreement dated October 9, 2018 | 8,000.00 | 8,000.00 | 8,000.00 | - |
| Funding the capital expenditure requirements | 1,527.64 | 1,527.64 | 1,083.12 | 444.52 |
| General corporate purposes | 576.75 | 494.40 | 494.40 | - |
| **Total** | **10,104.39** | **10,022.04** | **9,577.52** | **444.52** |

Unutilised amount as at December 31, 2022 were held in monitoring agency account and in deposits with scheduled commercial bank.

4. The Company has identified only one segment i.e. Active Pharmaceutical Ingredient (API) as reporting segment based on the information reviewed by Chief Operating Decision Maker (CODM).
5. As at December 31, 2022, pursuant to Employee Stock Option Plan 2021, 8,88,885 options were outstanding, which upon exercise are convertible into equivalent number of equity share.

**For Glenmark Life Sciences Limited**

**Yasir Rawjee**
Managing Director & CEO

Mumbai, January 27, 2023



## LTIMindtree Limited

**CIN:** L72900MH1996PLC104693
**Registered Office:** L&T House, Ballard Estate, Mumbai - 400 001, India
**Corporate Office:** Technology Tower 1, Gate No.5, Saki Vihar Road, Powai, Mumbai - 400 072
**Tel:** +91 22 6776 6776, **Fax:** +91 22 2858 1130
**E-mail:** investor@ltimindtree.com, **Website:** www.ltimindtree.com

### TRANSFER OF EQUITY SHARES OF THE COMPANY TO THE INVESTOR EDUCATION AND PROTECTION FUND (IEPF)

Shareholders are hereby informed that pursuant to the provisions of Section 124(6) of the Companies Act, 2013 read with the Investor Education and Protection Fund Authority (Accounting, Audit, Transfer and Refund) Rules, 2016 (the Rules) the Company shall transfer the shares in respect of which dividend has not been claimed for seven consecutive years or more, to the Investor Education and Protection Fund (IEPF).

In terms of the Rules, the 4th Interim Dividend declared by erstwhile Mindtree Limited (now merged with LTIMindtree Limited w.e.f. November 14, 2022) on March 13, 2016 for the financial year 2015-16, which remains unclaimed for a period of seven years, and the shares of the Company (allotted in lieu of shareholding in erstwhile Mindtree Limited) in respect of which dividend has not been claimed for the past seven consecutive years, are due to be credited in favour of IEPF on April 28, 2023.

The Company has communicated individually to the concerned shareholders whose shares are liable to be transferred to IEPF. The Company has also uploaded details of the shareholders whose shares are liable to be transferred to IEPF, under the Investor Section on the website www.ltimindtree.com.

The concerned shareholders are requested to claim the 4th Interim Dividend declared for financial year 2015-16 and onwards, on or before April 28, 2023, in order to avoid their dividend amount/shares being transferred to IEPF.

The shareholders may kindly note that no claim shall lie against the Company in respect of the shares and unclaimed dividend credited to the account of IEPF. However, the shareholders may claim the same by making an application to IEPF as per the procedure outlined in the Rules.

In case shareholders have any queries on the above matter, they may contact the Company's Registrar & Transfer Agent, Link Intime India Private Limited, Unit: LTIMindtree Limited, C-101, 247 Park, LBS Marg, Vikhroli (W), Mumbai – 400083 T - 022 - 49186000 Email: rnt.helpdesk@linkintime.co.in.

For **LTIMindtree Limited**
Sd/-
**Tridib Barat**
Company Secretary and Compliance Officer

Place: Mumbai
Date: January 28, 2023